গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
এপিএ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২১-৩২

তারিখ : ০৬ চৈত্র, ১৪২৮
২০ মার্চ, ২০২২

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভার সভাপতি : সাবিনা ইয়াসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)

সভার তারিখ ও সময় : ১০/০৩/২০২২ তারিখ, বেলা ১২:০০টা

স্থান : সভাকক্ষ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

উপস্থিত কর্মকর্তার তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি বলেন, যে সকল সূচকের অর্জন শতভাগ অর্জন সম্পন্ন হয়েছে সে সকল সূচকের প্রমাণক সংগ্রহ করে প্রতিটি সূচকের জন্য আলাদা আলাদা ফোল্ডারে প্রমাণক সংরক্ষণ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। পাশাপাশি যে সকল সূচকের অর্জন এখানো কাঙ্খিত পর্যায়ে নেই সে সকল সূচক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তাবয়নের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে বলেন। প্রয়োজনে মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে বাস্তবায়নের এ্যাকশন প্ল্যান তৈরির মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

এপিএ সমন্বয়ক উপসচিব, মো: আবদুছ সালাম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও ক্যালেন্ডার মোতাবেক আগামী ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ'র খসড়া প্রস্তুতের বিষয়ে সকলকে অবহিত করেন। তিনি বলেন, আগামী ৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ'র খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। সে লক্ষ্যে অধীনস্ত দপ্তর/সংস্থার নিকট থেকে তাদের ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ'র খসড়া আগামী ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। দপ্তর/সংস্থার খসড়া এপিএ প্রাপ্তির পর মন্ত্রণালয়ের এপিএ'র খসড়া চূড়ান্ত করার কাজ শুরু করা হবে।

তিনি ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র ১ জুলাই ২০২১ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ৮ মাসের এপিএ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। পাশাপশি যে সকল সূচকের অর্জন এখনো আশানুরোপ হয়নি সে সকল সূচক বাস্তবায়নের ব্যাপারে সকলকে তৎপর হওয়ার আহবান জানান।

**সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | [১.১.১] উপজেলা হাসপাতালে চক্ষু চিকিৎসা সেবা সম্প্রসারণ বিষয়ে আলেচনা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন এপ্রিল ২০২২ এর শেষে সকল কার্যক্রম সম্পন্ন হবে। মে ২০২২ এর মধ্যে উদ্বোধন করা হবে। | মে ২০২২ এর মধ্যে উদ্বোধন সম্পন্ন করে কার্যক্রম শুরু করতে হবে। পাশাপাশি যথাযথ প্রমাণক প্রেরণ নিশ্চিত করতে হবে। এপ্রিল ২০২২ এর মধ্যে সব কার্যক্রম শেষ করতে হবে। | প্রবা-২, স্বাস্থ্য সেবা বিভাগ ও LD, ন্যাশননাল আই কেয়ার-ওপি, DGHS |
| ২. | [১.২.১] লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজিত বিষয়ে আলোচনা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট বলেন ৫টি সম্পন্ন হয়েছে। ১০/০৩/২০২২ তারিখ আরো একটি সম্পন্ন হবে। এপ্রিল ২০২২ এর মধ্যে অবশিষ্ট ৪টি শেষ হবে। | এপ্রিল ২০২২ এর মধ্যে অবশিষ্ট ৪টি শেষ করে যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | প্রশাসন ২/৪ ও এপিএ টিম |
| ৩. | [১.৩.১] অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅর্ডারে আক্রান্ত শিশুদের জন্য প্রতিষ্ঠিত শিশু বিকাশ কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত রোগীর সংখ্যা (ভিজিটের ভিত্তিতে) বিষয়ে জানানো হয় এ পর্যন্ত ৫৮৬৮১ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। করোনার কারণে রোগীর সংখ্যা কম ছিল। এখন তুলনামূলক রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে টার্গেট সম্পন্ন করা সম্ভব হবে। পাশাপাশি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের তথ্য অন্তর্ভূক্ত করা যায় কি না সে বিষয়ে আলোচনা হয়। | স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সূচকের টার্গেট বাস্তবায়নে একটি কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক আগামী এপ্রিল ২০২২ এর মধ্যে কাঙ্খিত অগ্রগতি বৃদ্ধি করতে হবে। এছাড়া আগামী এপ্রিল ২০২২ মাসের ২য় সপ্তাহে স্বাস্থ্য অধিদপ্তরে এপিএ'র বিভিন্ন সূচক নিয়ে একটি সভা করতে হবে। এপ্রিল মাসের মধ্যে রোগীর সংখ্যা ৯০হাজার টার্গেট অর্জন করতে হবে। বিষয়টি অটিজম সেল সুপারভিশন ও মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবেন। | অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, LD, HSM-OP, DGHS |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. | [১.৪.১] গবেষণা কার্যক্রম সম্পাদিত বিষয়ে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট বলেন ইতোমধ্যে ৪টি গবেষণা সম্পন্ন হয়েছে। অবশিষ্ট গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। | যে ৪টি গবেষণা সম্পন্ন হয়েছে তা প্রকাশের তারিখ উল্লেখ পূর্বক সামারিশিট আকারে প্রস্তুত করে প্রমাণক সংরক্ষণ করতে হবে। এছাড়া অবশিষ্ট গবেষণা কার্যক্রম আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | HEU & DGHS |
| ৫. | [১.৫.২] নার্সদের খসড়া কর্মপরিধি চূড়ান্তকৃত বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারির প্রতিনিধি বলেন কার্যক্রম চলমান রয়েছে। নাসিং ১ ও ২ শাখার কোন প্রতিনিধি না থাকায় এ ব্যাপারে কোন তথ্য পাওয়া যায়নি। | নার্সিং ১ ও ২ শাখার সাথে যোগাযোগ করে দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। এ ব্যাপরে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর সরাসরি খোজখবর নিয়ে দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন। | নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ,<br>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর |
| ৬. | [২.১.১] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী সার্জন হতে তদুর্ধ্ব (সহকারী পরিচালক/সিভিল সার্জন, উপ পরিচালক ও ৬ষ্ঠ গ্রেডে) পদোন্নতি, [২.১.২] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জুনিয়র কনসালটেন্ট ও সিনিয়র কনসালটেন্টদের পদোন্নতি, [২.১.৩] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি, [২.১.৪] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গ্রেড ৩ ভুক্ত অধ্যাপক ও পরিচালক পদে পদোন্নতি বিষয়ে আলোচনা হয়। | নির্ধারিত তারিখের মধ্যে সব শূণ্য পদ পূরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। শূন্য পদের বিপরীতে পদোন্নতি প্রদান করতে হবে। আগামী ৩০মে ২০২২ পর্যন্ত শূন্য পদের তালিকা প্রণয়ন করে শূন্য পদের বিপরীতে সব পদ পূরণ করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে একটি সমন্বিত সভার আয়োজন করতে হবে। | পার-১/২/৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ৭. | [২.২.১] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মিত বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি বলেন গত জুলাই থেকে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ৫টি বাস্তবায়ন হয়েছে। অবশিষ্ট ৫টি নির্ধারিত সময়ের পূর্বে বাস্তবায়ন হবে। | বাকী ৫টি হাসপাতাল উন্নীতকরণের কাজ দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যেগুলো বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রমাণক দাখিল করতে হবে। | নির্মাণ অধিশাখা, HED, LD, CBHC-OP, DGHS |
| ৮. | [২.২.৩] কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও আধুনিকীকরণ, [২.২.৪] ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ ও আধুনিকীকরণ বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি বলেন ৮৮টি কমিউনিটি ক্লিনিক নির্মাণের টার্গেট নেয়া হয়েছে। ইতোমধ্যে ৬৩টি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাকী গুলো সম্পন্ন হয়ে যাবে। | বাকী ২৫টি কমিউনিটি ক্লিনিক দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যেগুলো বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রমাণক দাখিল করতে হবে। | নির্মাণ অধিশাখা, HED, LD, CBHC-OP, DGHS |
| ৯. | [২.২.৫] হাসপাতালের সকল প্রকার ক্রয় কার্যে স্বচ্ছতা আনয়নের জন্য ইলেকট্রনিক পদ্ধতিতে ক্রয় (ই-জিপি) চালুকৃত বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন ১০টি হাসপাতালে ই-জিপি কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে। হাসপাতালের সংশ্লিষ্টদের ই-জিপি প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সিপিটিইউ কে পত্র প্রেরণ করা হয়েছে। | যেসকল হাসপাতালকে ই-জিপির আওতায় আনা হয়েছে তার যথাযথ প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | DGHS |
| ১০. | [২.২.৬] নির্মিত কমিউনিটি ক্লিনিক, নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কার্যক্রম মনিটরিং বিষয়ে আলোচনা হয় ইতোমধ্যে ১০টি মনিটরিং সম্পন্ন হয়েছে। | উন্নয়ন অনুবিভাগ হতে নির্ধারিত চেক লিস্ট অনুযায়ী পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। বাকী ১০টি মনিটরিং দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে। পাশাপাশি যে ১০টি মনিটরিং সম্পন্ন হয়েছে তার প্রমাণক হিসেবে পরিদর্শন প্রতিবেদন সংরক্ষণ করতে হবে। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে তালিকা সংগ্রহপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তাদের মনিটরিং করানোর উদ্যোগ নিতে হবে। | উন্নয়ন অনুবিভাগ,<br>নির্মাণ অধিশাখা/সিবিএমই শাখা ও<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১১. | [৩.১.১] ১০টি মেডিকেল কলেজ হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট আইসিইউ স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে সভায় অবহিত করা হয়। | স্বাস্থ্য অধিদপ্তর যথাযথ প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | DGHS, |
| ১২. | [৩.১.২] বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল ও কিডনী বিভাগ নির্মাণকৃত বিষয়ে জানানো হয় ৮% কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। | বাস্তবায়নকৃত কার্যক্রমের প্রোগ্রেস রিপোর্ট প্রেরণ করতে হবে। তাছাড়া অবশিষ্ট ১২% বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক (বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল ও কিডনী বিভাগ নির্মাণ, স্বাস্থ্য অধিদপ্তর,<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য), পিডব্লিউডি |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩. | [৩.১.৩] ইতোমধ্যে ২০টি জেলা সদর হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপন কার্যক্রমের মধ্যে ১৪টি স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী এপ্রিল ২০২২ এর মধ্যে হ্যান্ড ওভার করা হবে। বাকী ০৬টি হাসপাতালে দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। | অবশিষ্ট ০৬টি আইসিইউ নির্মাণ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যে ১৪টির বাস্তবায়ন হয়েছে তার তালিকা আগামী ০৫ দিনের মধ্যে প্রমাণক হিসেবে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক, কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, DGHS, |
| ১৪. | [৩.১.৬] পাবনা মানসিক হাসপাতালকে আধুনিকায়ন এবং বিভাগীয় মেডিকেল কলেজের মানসিক রোগ ইউনিট শক্তিশালীকরণ প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পাদিত সম্পন্ন হয়েছে। | কত তারিখে সম্পন্ন হয়েছে তার প্রমাণক দাখিল করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-২, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৫. | [৩.১.৭] জেলা সদর হাসপাতালে মাল্টিপারপাল ভবন নির্মাণ প্রকল্প একনেকে প্রেরণ করা হয়েছে। | কত তারিখে প্রেরণ করা হয়েছে তার সংগ্রহ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-১, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৬. | [৪.২.১] এইচআইভি সনাক্তকরণে সমন্বিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যক্তির সংখ্যা এ পর্যন্ত ১ লক্ষ ৭১ হাজার সেবা গ্রহণ করেছে। অবশিষ্ট সেবা গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন হবে বলে সভায় জানানো হয়। | প্রমাণক প্রেরণ করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্য সেবা বিভাগের একটি সমন্বিত সভা আহবান করতে হবে। | LD, NASP-OP, DGHS |
| ১৭. | [৪.৩.২] জেলা সদর হাসপাতালে ২০ শয্যা বিশিষ্ট কোভিড Isolation unit স্থাপনকৃত বিষয়ে বলা হয় কার্যক্রম চলমান রয়েছে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন হবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যতটুকু কার্যক্রম বাস্তবায়ন হয়েছে তার প্রোগ্রেস প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, DGHS |
| ১৮. | [৫.১.৪] ইডিসিএল এর মান নিশ্চিতকরণ বিভাগ (QA) কর্তৃক কাঁচামাল এবং ফিনিস প্রোডাক্টের নমুনা পরীক্ষাকরণ কার্যক্রম পরিদর্শনকৃত বিষয়ে আলোচনা হয়। ১০টি মনিটরিং এর মধ্যে ০৬টি সম্পন্ন হয়েছে। বাকী গুলো দ্রুত সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হয়। | যে সকল পরিদর্শন সম্পন্ন হয়েছে তার তালিকাসহ প্রতিবেদন দাখিল করতে হবে। এপ্রিল ২০২২ এর মধ্যে অবশিষ্ট ৪টি পরিদর্শন শেষ করে প্রতিবেদন দাখিল করতে হবে। | HSD, EDCL, DGDA |
| ১৯. | আগামী সপ্তহে স্বাস্থ্য অধিদপ্তরে এপিএ বিষয়ে একটি সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। সেখানে স্বাস্থ্য সেবা বিভাগের সাথে স্বাস্থ্য অধিদপ্তরের যে সকল সূচক বাস্তবায়নে সমস্যা রয়েছে তা আলোচনার জন্য মতামত প্রদান করা হয়। | আগামী মাসের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরে সংশ্লিষ্টদের নিয়ে স্বাস্থ্য সেবা বিভাগের একটি সমন্বিত সভা আয়োজন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

**স্বাক্ষরিত**
তারিখ: ২০/০৩/২০২২
(সাবিনা ইয়াসমিন)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম লিডার

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২১-৩২

তারিখ : ০৬ চৈত্র, ১৪২৮
২০ মার্চ, ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (পার/পরিকল্পনা অধিশাখা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. যুগ্মসচিব (সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা/প্রশাসন অধিশাখা/বাজেট ১ ও ২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. পরিচালক, পরিকল্পনা ও গবেষনা ও এপিএ কো-অর্ডিনেটর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. উপসচিব, (প্রশাসন-১/প্রশাসন-২/পার-২/প্রশাসন-৪/প্রবা-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. জনাব মো: আব্দুল হামিদ, তত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) ও এপিএ ফোকাল পয়েন্ট, এইচইডি, মতিঝিল, ঢাকা।
৭. বেগম ফাতেমা জোহুরা, উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, ঢাকা।
৮. জনাব আশরাফ হোসেন, উপ-পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. ডাঃ আরাফাতুর রহমান, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (প্ল্যানিং) ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. জনাব মো: আলী মোকাররম, জেনারেল ম্যানেজার, অডিট ও এপিএ ফোকাল পয়েন্ট, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।
১১. ডাঃ ফারিয়া আহমেদ, মেডিকেল অফিসার (প্ল্যানিং ও রিসার্চ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১২. জনাব মো: সাইফউদ্দিন আকন্দ, ওয়ার্কশপ ম্যানেজার ও এপিএ ফোকাল পয়েন্ট, টেমো, মহাখালী, ঢাকা।

১৩. জনাব এম এন নাসিদ রহমান, সহকারী প্রকৌশলী ও এপিএ ফোকাল পয়েন্ট, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

১৪. বেগম লেজিনা মোনা সুমি, সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৫. জনাব মো: রফিকুল ইসলাম, সহকারী সচিব, সিবিএমই শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৬. মোছা: ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার ও এপিএ ফোকাল পয়েন্ট, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৭. হুমায়রা আফরোজ, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।

২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

৩. ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড, তেজগাঁও, ঢাকা।

৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৫. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

৬. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

৭. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২০.৩.২০২২

(মো: আবদুছ সালাম)
উপসচিব
ফোন: ৯৫৪০৭২১
apahsd19@gmail.com